



# বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়  
মতিঝিল, ঢাকা-১০০০  
বাংলাদেশ।  
website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

বিআরপিডি সার্কুলার লেটার নং-৫১

১৮ ডিসেম্বর ২০২২

তারিখ: -----

০৩ পৌষ ১৪২৯

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

## ঋণ শ্রেণিকরণ প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে ২২ জুন ২০২২ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-১৪ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

- ২। সূত্রোক্ত সার্কুলারের মাধ্যমে অশ্রেণিকৃত মেয়াদী ঋণের বিপরীতে অক্টোবর/২০২২ হতে ডিসেম্বর/২০২২ পর্যন্ত প্রদেয় কিস্তিসমূহের ন্যূনতম ৭৫% ডিসেম্বর/২০২২ ত্রৈমাসিকের শেষ কর্মদিবসের মধ্যে পরিশোধ করা হলে উক্ত ঋণসমূহ বিরূপমানে শ্রেণিকরণ করা যাবে না মর্মে নির্দেশনা প্রদান করা হয়েছিল।
- ৩। বহির্বিশ্বে যুদ্ধাবস্থা প্রলম্বিত হওয়ায় এর দীর্ঘ মেয়াদী নেতিবাচক প্রভাবে শিল্পের উৎপাদন ব্যয় বৃদ্ধি পেয়েছে। ফলশ্রুতিতে ঋণগ্রহীতাদের প্রকৃত আয় হ্রাস পেয়েছে। এক্ষেত্রে, দেশের অর্থনৈতিক কর্মকান্ড গতিশীল রাখা এবং ঋণগ্রহীতাদের ঋণের কিস্তি পরিশোধ সহজতর করার নিমিত্ত এই মর্মে নির্দেশনা প্রদান করা যাচ্ছে যে, মেয়াদী ঋণের বিপরীতে অক্টোবর/২০২২ হতে ডিসেম্বর/২০২২ সময়কাল পর্যন্ত প্রদেয় কিস্তিসমূহের ন্যূনতম ৭৫% এর পরিবর্তে ৫০% ডিসেম্বর/২০২২ মাসের শেষ কর্মদিবসের মধ্যে পরিশোধ করা হলে উক্ত ঋণসমূহ বিরূপমানে শ্রেণিকরণ করা যাবে না।
- ৪। অত্র সার্কুলার লেটারে বর্ণিত সুবিধাসহ সূত্রোক্ত সার্কুলারের মাধ্যমে সুবিধাপ্রাপ্ত মেয়াদী ঋণসমূহের এপ্রিল/২০২২ হতে ডিসেম্বর/২০২২ পর্যন্ত প্রদেয় কিস্তি/কিস্তিসমূহের অপরিশোধিত অংশ বিদ্যমান ঋণের পূর্বনির্ধারিত মেয়াদ শেষ হওয়ার পরবর্তী ০১(এক) বছরের মধ্যে সমকিস্তিতে (মাসিক/ত্রৈমাসিক) প্রদেয় হবে। তবে ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে অবশিষ্ট মেয়াদকালের সাথে বর্ধিত ০১(এক) বছর সময়কে বিবেচনায় নিয়ে কিস্তি পুনর্নির্ধারণপূর্বক নতুন সূচি অনুযায়ী আদায় করা যাবে।
- ৫। এছাড়া সূত্রোক্ত সার্কুলারের অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।
- ৬। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।
- ৭। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মাকসুদা বেগম)  
পরিচালক (বিআরপিডি)  
ফোনঃ ৯৫৩০২৫২